

স্থান: ইউপি সভাকক্ষ

সভাপতি: মোঃ সহীদুল ইসলাম মজনু

সভার কার্যবিবরণী

তারিখ: ৩০/০৪/২০২৩ ইং

সময়: বিকাল ০৩.০০ ঘটিকা

ক্রঃনং	উপস্থিত সদস্য গণের নাম	পরিচয়	পদবী	স্বাক্ষর
০১	মোঃ সহীদুল ইসলাম মজনু	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	হাছিনা বেগম	সংরক্ষিত আসনের সদস্য, ১ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৩	রিংকু দত্ত	সংরক্ষিত আসনের সদস্য, ২ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোছাঃ শাহানা জ পারভীন	সংরক্ষিত আসনের সদস্য, ৩ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৫	মোঃ ইসাহাক সেক	সাধারণ আসনের সদস্য, ১ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৬	মোঃ মোসলেউদ্দিন	সাধারণ আসনের সদস্য, ২ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৭	রিপন হোসেন	সাধারণ আসনের সদস্য, ৩ নং ওয়ার্ড	সদস্য	-
০৮	মহঃ রেজাউল কবির খান	সাধারণ আসনের সদস্য, ৪ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৯	মোঃ আজগর হোসেন	সাধারণ আসনের সদস্য, ৫ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১০	কালাম সেক	সাধারণ আসনের সদস্য, ৬ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১১	মাইনুদ্দিন	সাধারণ আসনের সদস্য, ৭ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১২	মুহাম্মাদ ছদ্দুল হোসেন	সাধারণ আসনের সদস্য, ৮ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১৩	মোঃ হিটলু খান	সাধারণ আসনের সদস্য, ৯ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত

অধ্যকার সভার সভাপতি জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান, ঈশান গোপালপুর ইউপি সাহেব সভার আসন গ্রহণ করলে সভার কাজ আরম্ভ করা হইল।

আলোচ্যসূচী -০১ : চেয়ারম্যান ও সদস্যদের মধ্যে পরিচিতি প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব সভায় উপস্থিত নবনির্বাচিত সাধারণ আসনের সদস্য ও সংরক্ষিত আসনের সকলকে সালাম ও শুভেচ্ছা জানান এবং আজকের সভা পরিচালনার জন্য ইউপি সচিব জনাব মোঃ আঃ হালিম সেক কে অনুরোধ করেন। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ১নং ওয়ার্ডের সদস্য মোঃ ইসাহাক সেক এবং পবিত্র গতি থেকে পাঠ করেন সংরক্ষিত আসনের সদস্য রিংকু দত্ত। চেয়ারম্যান ও সদস্যদের মধ্যে পরিচয় বিনিময় হয় এবং পরস্পরের মধ্যে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। এরপর চেয়ারম্যান সাহেব শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং সকল সদস্যকে বলেন আজ হইতে বর্তমান পরিষদের মেয়াদ শুরু হইল। সভায় উপস্থিত সকল সদস্যগণ চেয়ারম্যান সাহেবকে ধন্যবাদ জানান।

আলোচ্যসূচী -০২ : প্যানেল চেয়ারম্যান গঠন প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব সভায় উপস্থিত নবনির্বাচিত সাধারণ আসনের সদস্য ও সংরক্ষিত আসনের সদস্য গণকে জানান যে, ইউনিয়ন পরিষদ আইন অনুযায়ী পরিষদ গঠিত হইবার পর ১ম সভা হইতে ৩০ কার্যদিবসের মধ্যে তিন সদস্য বিশিষ্ট একটি প্যানেল চেয়ারম্যান গঠন করতে হবে। এর মধ্যে দুইজন পুরুষ সদস্য এবং একজন সংরক্ষিত আসনের সদস্য থাকবে। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় আলোচনা করা হইল। প্যানেল চেয়ারম্যান হতে আর্থহী ৫নং ওয়ার্ডের সদস্য মোঃ আজগর হোসেন এবং ৮নং ওয়ার্ডের সদস্য মুহাম্মাদ ছদ্দুল হোসেন ও সংরক্ষিত আসনের সদস্য ১ নং ওয়ার্ড হতে হাছিনা বেগম নিজেরা প্রস্তাব করেন। ৪নং ওয়ার্ডের সদস্য মহঃ রেজাউল কবির খান প্যানেল চেয়ারম্যান-১ এর জন্য ৫নং ওয়ার্ডের সদস্য মোঃ আজগর হোসেনকে সমর্থন করেন এবং সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণও সমর্থন করেন। প্যানেল চেয়ারম্যান-২ এর জন্য ৮নং ওয়ার্ডের সদস্য মুহাম্মাদ ছদ্দুল হোসেনকে সকল সদস্যগণ সমর্থন করেন। প্যানেল চেয়ারম্যান-৩ এর জন্য সংরক্ষিত আসনের সদস্য হাছিনা বেগমকে সকল সদস্যগণ সমর্থন করেন। সভায় উপস্থিত সকল সদস্যগণের সমর্থন ও মতামত পর্যালোচনা করিয়া সর্বসম্মতিক্রমে নিম্নরূপভাবে তিন সদস্যবিশিষ্ট প্যানেল চেয়ারম্যান গঠন করা হইল।

১। মোঃ আজগর হোসেন, প্যানেল চেয়ারম্যান-১

২। মুহাম্মাদ ছদ্দুল হোসেন, প্যানেল চেয়ারম্যান-২

৩। হাছিনা বেগম, প্যানেল চেয়ারম্যান-৩

আলোচ্যসূচী -০৩ : মাসিক সভার দিন নির্ধারণ প্রসঙ্গে।

জনাব সভাপতি সাহেব সভায় উপস্থিত নবনির্বাচিত সাধারণ আসনের সদস্য ও সংরক্ষিত আসনের সদস্য গণকে জানান যে, ইউনিয়ন পরিষদ আইন অনুযায়ী প্রতিমাসে ইউনিয়ন পরিষদে একটি সাধারণ সভা করতে হবে এবং এই সভায় পরিষদের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হবে ও সিদ্ধান্ত নিতে হবে। জনাব সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে সভায় আলোচনা করা হইল। সভায় উপস্থিত ৫নং ওয়াডের সদস্য মোঃ আজগর হোসেন বলেন যে, প্রতিমাসের শেষ সপ্তাহের ২৫তারিখে মাসিক সভার দিন নির্ধারণ করলে ভাল হয়। জনাব মোঃ আজগর হোসেনের প্রস্তাবকে সভায় উপস্থিত সকল সদস্যগণ সমর্থন করেন এবং প্রতিমাসের শেষ সপ্তাহের ২৫তারিখে মাসিক সভার দিন নির্ধারণ করা হয়। ঐদিন যদি সরকারি ছুটি থাকে তাহলে পরবর্তী কার্যদিবসে সভা করা হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ সহীদুল ইসলাম মজনু)

চেয়ারম্যান,  
ঈশান গোপালপুর ইউপি  
ফরিদপুর সদর, ফরিদপুর।